

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃখ্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/২৬৭৭

তারিখ : ২৬/০৯/২০১৬ খ্রিঃ।

এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/এম এসসি/এম ফিল/পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত প্রোগ্রামে পূর্ণকালীন/খন্ডকালীন ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে অগ্রহী প্রার্থীদের নিকট হইতে আগামী ০২/১০/২০১৬ খ্রিঃ তারিখ হইতে নির্ধারিত করমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	বিভাগ	বিষয়	প্রোগ্রাম
১।	সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ	সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল); সিভিল ইঞ্জিনিয়ারিং (জিওটেকনিক্যাল); সিভিল ইঞ্জিনিয়ারিং (ট্রান্সপোর্টেশন); সিভিল ইঞ্জিনিয়ারিং (ওয়াটার রিসোর্সেস); সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রনমেন্টাল) এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং ক্রাইমেট চেঞ্জ রিলেটেড টু ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং
২।	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
৩।	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
৪।	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
৫।	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং
৬।	রসায়ন বিভাগ	রসায়ন	এম এসসি/এম ফিল/ পিএইচ ডি
৭।	গণিত বিভাগ	গণিত	এম এসসি/এম ফিল/ পিএইচ ডি
৮।	পদার্থবিজ্ঞান বিভাগ	পদার্থবিজ্ঞান	এম এসসি/এম ফিল/ পিএইচ ডি

শর্তাবলী :-

- ভর্তি সংক্রান্ত প্রসপেক্টাস বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (<http://www.duet.ac.bd>) হইতে অথবা একাডেমিক শাখা হইতে অফিসকালীন সময়ে সংগ্রহ করা যাইবে।
- চাকরির প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ খন্ডকালীন/পূর্ণকালীন ছাত্র-ছাত্রী হিসেবে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে।
- পূর্ণকালীন ছাত্র-ছাত্রীদের মধ্যে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী TA/RA দেওয়া যাইতে পারে।
- অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্ত দেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং দেশ/বিদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্জিত ডিগ্রী (প্রয়োজনবোধে) অত্র বিশ্ববিদ্যালয় হইতে ইকুইভ্যালেন্স করিতে হইবে। এই জন্য ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত মাত্র) টাকা কম্পিউটার অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হিসাব খাতে জমা দিতে হইবে। আগামী ২৬/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে চেয়ারম্যান, ইকুইভ্যালেন্স কমিটি, ডুয়েট, গাজীপুর এর বরাবরে লিখিত আবেদন করিতে হইবে ও আবেদনপত্রের সাথে টাকা জমার ডিপোজিট স্লিপ, সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম এর মূল কপি অথবা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে।
- এই বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে অফিস চলাকালীন ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর একাডেমিক শাখা হইতে অথবা বিশ্ববিদ্যালয়ের <http://www.duet.ac.bd> ওয়েবসাইট হইতে ডাউনলোড করিয়া ভর্তির আবেদন করমে সংগ্রহ করা যাইবে। আবেদনপত্র ৮০ গ্রাম A4 সাইজের অফসেট কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করিয়া পূরণপূর্বক সরাসরি বা ডাকযোগে আগামী ১৬/১১/২০১৬ খ্রিঃ তারিখ বুধবার বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে একাডেমিক শাখায় জমা দেওয়া যাইবে।
- সকল প্রার্থীকে আবেদনপত্রের সাথে সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের চরিত্রগত সনদপত্র দাখিল করিতে হইবে।
- আবেদনপত্রের সহিত "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর শিরোনামে অগ্রহী ব্যাংক লিঃ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অনুকূলে ৯০০/- (নয়শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীটের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা আগামী ২৬/১১/২০১৬ খ্রিঃ তারিখে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হইবে এবং সেইসঙ্গে স্ব-স্ব বিভাগের ভর্তি পরীক্ষার তারিখ জানানো হইবে।
- ভর্তির নিমিত্তে চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগে মৌখিক/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগ হইতে সংগ্রহ করিতে হইবে।
- অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

২৪.০৯.১৬

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৯২০৪৭০৩ (অফিস)

তারিখ : ২৬/০৯/২০১৬ খ্রিঃ।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃখ্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/২৬৭৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল :-

- পি এস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- সকল- ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান;
- রেজিস্ট্রারসকল বিশ্ববিদ্যালয়;
- পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হইল);
- ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা;
- সহকারী পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ;
- বিজ্ঞাপন ম্যানেজার- দৈনিক সমকাল/দৈনিক ইত্তেফাক/দি ডেইলি অবজারভার;
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- সংরক্ষণ নথি।

২৬/০৯/২০১৬